গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

**বিষয়: 'মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে দেশব্যাপী বইমেলা আয়োজন' সংক্রান্ত কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আবুল মনসুর,
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
তারিখ : ১২ ডিসেম্বর, ২০২১
সময় : সকাল ১১:০০টা
স্থান/মাধ্যম : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ/অনলাইন প্লাটফর্ম (জুম সফটওয়্যার)।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব অসীম কুমার দে বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। অত:পর মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে দেশব্যাপী বইমেলা আয়োজনের নিমিত্ত কার্যপত্র অনুযায়ী উক্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। সভার বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপ:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | মেলার সময়কাল নির্ধারণ | মেলার সময়কাল পুন:নির্ধারণের জন্য কমিটির অন্যতম সদস্য জনাব ফরিদ আহমেদ, সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি চলমান এইচ এস সি পরীক্ষার বিষয়টি বিবেচনায় এনে ১৫-১৮ ডিসেম্বর ২০২১ এর পরিবর্তে আগামী ৩০.১২.২০২১ থেকে ০২.০১.২০২২ তারিখ পর্যন্ত বইমেলা আয়োজন করার জন্য প্রস্তাব করেন। | (ক) আগামী ৩০.১২.২০২১ থেকে ০২.০১.২০২২ তারিখ পর্যন্ত সকল জেলায় বইমেলা আয়োজন করা হবে।<br>(খ) ৩০.১২.২০২১ তারিখে সংশ্লিষ্ট জেলা প্রশাসক সুবিধাজনক সময়ে বই মেলার শুভ উদ্বোধন করবেন। |
| ০২. | কমিটি গঠন | জেলা পর্যায়ে বইমেলা বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি সাপেক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.১২.২০২১ তারিখের৪৩.০০.০০০০.১১৩.২৯.০৪৬.১৭.৬৩২ সংখ্যক স্মারকে ১০ (দশ) সদস্য বিশিষ্ট 'জেলা বইমেলা বাস্তবায়ন কমিটি' গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে **'জেলা সমাজসেবা কর্মকর্তা' এর পরিবর্তে 'উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়' এবং 'জেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা' এর পরিবর্তে 'উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়' এই নামে সংশোধন করার বিষয়ে সভায় আলোচনা হয়।** | নিম্নোক্তভাবে 'জেলা বইমেলা বাস্তবায়ন কমিটি' সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হ'ল:<br>১. জেলা প্রশাসক - আহ্বায়ক<br>২. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সদর) - সদস্য<br>৩. জেলা শিক্ষা অফিসার - সদস্য<br>৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য<br>৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় - সদস্য<br>৬. উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় - সদস্য<br>৭. প্রতিনিধি, সিটি কর্পোরেশন/সদর পৌরসভা - সদস্য<br>৮. প্রতিনিধি, জেলা পরিষদ - সদস্য<br>৯. জেলা কালচারাল অফিসার - সদস্য<br>১০. জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট - সদস্য<br>১১. উপপরিচালক/লাইব্রেরিয়ান, বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগার - সদস্য সচিব |

[চলমান]

| | | | |
|---|---|---|---|
| ০৩. | বাজেট সংস্থান | দেশব্যাপী বইমেলা আয়োজনের জন্য সম্ভাব্য বাজেট হিসেবে প্রতি জেলায় ৩ লক্ষ টাকা করে ৬৪ জেলার জন্য মোট ১ কোটি ৯২ লক্ষ টাকা বরাদ্দের সিদ্ধান্ত বহাল রাখা হয়। এর মধ্যে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র ৩৫ লক্ষ টাকা প্রদানে সভায় সদয় সম্মতি প্রকাশ করেন। এছাড়া ৯৩ লক্ষ টাকা 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' কর্তৃক বরাদ্দ প্রদান করা হবে। সংশ্লিষ্ট জেলা পরিষদ থেকে ১ লক্ষ টাকা করে ৬৪ জেলায় মোট ৬৪ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পুনরায় পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) দেশব্যাপী বইমেলা আয়োজনের জন্য সম্ভাব্য বাজেট হিসেবে প্রতি জেলায় ৩ লক্ষ টাকা করে ৬৪ জেলার জন্য মোট ১ কোটি ৯২ লক্ষ টাকা বরাদ্দের সিদ্ধান্ত বহাল রাখা হয়।<br>(খ) জাতীয় গ্রন্থকেন্দ্র হতে মোট ৩৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হলো।<br>(গ) ৯৩ লক্ষ টাকা 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' কর্তৃক বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) সংশ্লিষ্ট জেলা পরিষদ থেকে ১ লক্ষ টাকা করে ৬৪ জেলায় মোট ৬৪ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পুনরায় পত্র প্রেরণ করা হবে। |
| ০৪. | মেলার থিম নির্ধারণসহ ব্যানার, পোস্টার ডিজাইন | দেশব্যাপী অনুষ্ঠেয় বইমেলার থিম, ব্যানার ও পোস্টারের মধ্যে মিল রাখার জন্য কেন্দ্রীয়ভাবে ডিজাইন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ ক্ষেত্রে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক আর্থিক সহায়তা প্রদানের সম্মতি প্রদান করা হয়। | (ক) দেশব্যাপী অনুষ্ঠেয় বইমেলার থিম, ব্যানার ও পোস্টারের মধ্যে মিল রাখার জন্য কেন্দ্রীয়ভাবে তা ডিজাইন করা হবে।<br>(খ) জনাব অসীম কুমার দে, অতিরিক্ত সচিব (লাইব্রেরি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জনাব মিনার মনসুর, পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র ব্যক্তিগতভাবে ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি-এর সাথে যোগাযোগপূর্বক থিম, ব্যানার ও পোস্টারের ডিজাইন চূড়ান্ত করবেন।<br>(গ) এ বিষয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র আর্থিক সহায়তা প্রদান করবে। |
| ০৫. | গাইডলাইন প্রেরণ | দেশব্যাপী বইমেলা সুষ্ঠু, সুন্দর ও সাফল্যের সাথে আয়োজনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে একটি গাইডলাইন তৈরিপূর্বক সকল জেলায় প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | সুষ্ঠু-সুন্দর ও সাফল্যের সাথে দেশব্যাপী বইমেলা আয়োজনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক একটি কমন গাইডলাইন তৈরি করে সকল জেলায় প্রেরণ করতে হবে। |
| ০৬. | বিবিধ | দেশব্যাপী অনুষ্ঠেয় বইমেলা পরিদর্শনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা এর কর্মকর্তাদের সমন্বয়ে ফলোআপ কমিটি গঠনের বিষয়ে সভায় অলোচনা হয়। | দেশব্যাপী অনুষ্ঠেয় বইমেলা পরিদর্শনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা এর কর্মকর্তাদের সমন্বয়ে ফলোআপ কমিটি গঠন করা হবে। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৩-১২-২০২১
মো: আবুল মনসুর
সচিব
ও
আহ্বায়ক
মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে
দেশব্যাপী বইমেলা আয়োজন কমিটি

[চলমান]

স্মারক নং: ৪৩.০০.০০০০.১১৩.২৯.০৪৬.১৭. ৬৪৭

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মো: জসিম উদ্দিন, যুগ্মসচিব)।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: ড. মো: জাকির হোসেন আখন্দ, যুগ্মসচিব)।
৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (দৃ: আ: জনাব মো: মিজানুর রহমান ছিদ্দিকী, উপসচিব)।
৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব মো. আবু আউয়াল, উপসচিব)।
৮. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা (দৃ: আ: জনাব এ. এইচ. এম. লোকমান, সচিব)।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব মো. আছাদুজ্জামান, সচিব)।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
১৪. প্রধান নির্বাহী, সিটি কর্পোরেশন (সকল)।
১৫. বিভাগীয়/জেলা লাইব্রেরিয়ান (সকল)।
১৬. সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, ৮ম তলা, পল্টন টাওয়ার, ঢাকা-১০০০।
১৭. সভাপতি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩ লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০ (দৃ: আ: জনাব শ্যামল পাল, সহ-সভাপতি)।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (লাইব্রেরি) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩/১২/২০২১

ড. ললিতা রানী বর্মন
উপসচিব
ফোন: ৯৫৪৫৪৯১
ইমেইল: ds2@moca.gov.bd